O/e

ইলামবাজার গ্রাম পঞ্চায়েত

গ্রাম :- ইলামবাজার পোষ্ট :- ইলামবাজার থানা :-ইলামবাজার জেলা :- বীরভূম
পিন :- ৭৩১২১৪

চূড়ান্ত বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৭৩ (সংশোধিত) এর ২২৩ ও ৪৭ ধারা মতে ইলামবাজার গ্রাম পঞ্চায়েতে এর বিভিন্ন বিষয়ে টোল বা উপশুল্ক বা পথকর, ফি বা অভিকর ধার্য্য করার লক্ষ্যে ৩০/০৫/১৬তাং এর গ্রাম পঞ্চায়েত সভায় অনুমোদন ক্রমে খসড়া বাই 'ল'(উপবিধি) ১০/০৬/১৬ তারিখে জনগনের জ্ঞাতার্থে বিজ্ঞাপিত হয়েছিল । এই বিষয় নির্দিষ্ট সময়ের মধ্যে কোন লিখিত আপত্তি বা সংশোধনী প্রস্তাব [illegible] আসায় / প্রাপ্ত লিখিত আপত্তি বা সংশোধনী প্রস্তাব বিবেচনা সাপেক্ষে ১৬/০৮/১৬ তারিখে অত্র গ্রাম পঞ্চায়েতের সভায় সর্বসম্মতভাবে অনুমোদনক্রমে চূড়ান্তরূপে গৃহীত হল ।

ইহা জনগনের অবগতির জন্য জানানো যাচ্ছে ।

Pradhan 15/9/16
Illambazar Gram Panchayet
প্রধান
ইলামবাজার গ্রাম পঞ্চায়েত

বি:দ্র সংযোজিত উপবিধি উপরিল্লিখিত দিনে প্রকাশ করে উক্ত মর্মে নিম্ন স্বক্ষরকারীকে একটি রিপোর্ট দেবেন ।

Without Verification
Receiving Clerk
S.D.O. Office, Bolpur
Birbhum

(পর পাতায়)

Received
23/09/16.
Block Dev. Officer
Illambazar, Birbhum

Received
26-9-16
Addl. Dist. Sub-Magistrate
Bolpur, Birbhum

Illambazar Police Station

23.9.16
Sabhapati
Illambazar Panchayat Samity
Illambazar, Birbhum

Office of the Dist. Panchayats & Rural Dev. Officer, Birbhum
Received
Date 29/09/16

মেমো নং :- 338/IGP/16 তারিখ 15/09/16

অত্র সহ সংযোজিত চূড়ান্ত উপবিধি পুস্তিকাটি বিজ্ঞপ্তিতে উল্লিখিত দিনে প্রকাশ বিষয়ক শংসাপত্র প্রদানের অনুরোধ সহ উপবিধি পুস্তিকাটির প্রতিলিপি অবগতির এবং যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হল :

১। মাননীয় / মাননীয়া সভাধিপতি, বীরভূম জেলা পরিষদ, বীরভূম

২। মাননীয় প্রধান সচিব, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, ৬৩ নেতাজী সুভাষ রোড , জেসপ বিল্ডিং, কোলকাতা-৭০০০০১

৩। মাননীয় কমিশন, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, ১১ এ কিরণ শংকর রায় রোড, জেসপ বিল্ডিং, কোলকাতা-৭০০০০১

৪। মাননীয় জেলা শাসক, বীরভূম

৫। মাননীয় জেলা জজ, সিউড়ী জাজেস কোর্ট, বীরভূম জেলা ।

৬। মাননীয় মহকুমা শাসক, বোলপুর মহকুমা, বীরভূম জেলা ।

৭। মাননীয় মহকুমা জজ বোলপুর মহকুমা, বীরভূম জেলা ।

৮। মাননীয় জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, বীরভূম জেলা ।

৯। মাননীয় / মাননীয়া সভাপতি, ইলামবাজার পঞ্চায়েত সমিতি, বীরভূম ।

১০। মাননীয় / মাননীয়া সমষ্টি উন্নয়ন আধিকারিক, ইলামবাজার, বীরভূম জেলা ।

১১। মাননীয় অ্যাডিসনাল ডিষ্টিক্ট সাব রেজিষ্টার, বোলপুর, বীরভূম জেলা ।
১২। ভারপ্রাপ্ত আধিকারিক, ইলামবাজার থানা, বীরভূম জেলা ।
১৩। ইলামবাজার গ্রাম পঞ্চায়েত অফিস ।

সংযোজিত : এক প্রস্থ চূড়ান্ত উপবিধি

Illambazar Gram Panchayet BIRBHUM Illambazar Block

Prodhan 15/9/16
Illambazar Gram Panchayet
প্রধান
ইলামবাজার গ্রাম পঞ্চায়েত

Birbhum Zilla Parishad Suri, Birbhum 29 SEP 2016

RECEIVED
CONTENTS NOT VERIFIED

ইলামবাজার গ্রাম পঞ্চায়েত
ইলামবাজার ব্লক / পঞ্চায়েত সমিতি
পোষ্ট :- ইলামবাজার থানা :-ইলামবাজার
জেলা :- বীরভূম

উপবিধি

প্রস্তাবনা :-

১। পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ এর ১৯ ধারায় বর্ণিত অবশ্য করণীয় কর্তব্যসমূহ, ২০ ধারায় বর্ণিত অন্যান্য কর্তব্য, ২১ ধারায় বর্ণিত স্বেচ্ছাধীন কর্তব্য সমূহ, ২৪ ধারায় বর্ণিত আবর্জনা দূরীকরন, ব্যবসার উন্নতিসাধন, ২৫ ধারায় বর্ণিত সার্বজনীন রাস্তা ও জলপথ বিষয়ে দায়িত্ব ও কর্তব্য সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন , ৪১ ধারাতে সম্পতি অর্জন, দখল ও বিলি ব্যবস্থা সম্বন্ধে এই গ্রাম পঞ্চায়েত এলাকার জন্য বিধি প্রবর্তন করা এবং বিধি ভঙ্গকারীদের শাস্তিবিধানের জন্য এবং এই সূত্রে অর্থসংস্থান গড়ে তোলার লক্ষ্যে তথা গ্রাম পঞ্চায়েতকে স্বনির্ভর করার লক্ষ্যে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৭৩ এর ৪৭ ধারাবলে উপশুল্ক, অভিকর ও ফী আদায়ের জন্য ইলামবাজার গ্রাম পঞ্চায়েত এর উপবিধি রচনা ও কার্য্যকর করার প্রয়োজনে এ পর্যন্ত সংশোধিত পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন ১৯৭৩ এর ২২৩ ধারাবলে এই উপবিধি রচনা করা হল এবং এই গ্রাম পঞ্চায়েতে ৩১/০৮/১৬ তারিখের বিশেষ সভায় অনুমোদনসহ ০৩/১০/১৬ তারিখ থেকে কার্য্যকর করার সিদ্ধান্ত গ্রহন করা হল ।

২। প্রশাসনিক / জনস্বার্থে অত্র গ্রাম পঞ্চায়েতে এই উপবিধি যে কোন অনুচ্ছেদ বা সমগ্র উপবিধিটি ২২৩ (১) ধারাবলে নিয়মনীতি মোতাবেক সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং / বা বর্জন করতে পারবে ।

৩। এই উপবিধি ভঙ্গকারী বা অমান্যকারী ২২০ ধারা বলে দোষী সাব্যস্ত হলে ২২৩ (৩) ধারা বলে প্রথম বারের জন্য ১০০ (এক শত) টাকা অর্থদন্ডে দন্ডিত হইবেন এবং এই দন্ডদানের পরেও একইভাবে দোষী সাব্যস্ত হলে বা হতে থাকলে প্রতিদিনের জন্য অতিরিক্ত ১০(দশ) টাকা হারে অর্থদন্ডে দন্ডিত হবেন ।

৪। এই গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত কোনো ব্যবসা বা উদ্যোগ গ্রাম পঞ্চায়েত কর্তৃক নিবন্ধীকৃত না হলে, তাহা বে-আইনী বলে ঘোষনা করা যাবে এবং এই পঞ্চায়েত কর্তৃপক্ষ তাহার বিরুদ্ধ আইনানুগ ব্যবস্থা গ্রহনকরতে পারবে ।

৫। অন্য কোন আইনবলে নিষিদ্ধ এমন কোনও ব্যবসা বা উদ্যোগকে গ্রাম পঞ্চায়েত নিবন্ধীকরণ করতে বাধ্য থাকবে না ।

৬। উপবিধিতে বর্ণিত যে কোন ব্যবসা বাণিজ্যের বা যানবাহন রেজিষ্ট্রেশনের ফী, অভিকর ও উপশুল্ক মুকুব, পুনর্বিবেচনা ও পুনর্নিদ্ধারণ করার বিষয় গ্রাম পঞ্চায়েত অর্থ ও পরিকল্পনা উপসমিতির সুপারিশ নিয়ে সিদ্ধান্ত নিতে পারবে এবং এহেন সিদ্ধান্ত বৈধ ও চূড়ান্ত হিসাবে গন্য হবে ।

৭। এই উপবিধিতে উল্লেখ করা হয়নি বা আলোচনা করা হয়নি এমন কোন নতুন বিষয়, উদ্যোগ বা ব্যবসা বিবেচনার মধ্যে এলে অর্থ ও পরিকল্পনা উপসমিতির এ বিষয় প্রযোজ্য আইন সম্মত পদ্ধতি অনুসরণ করে নূতনভাবে ফী,অভিকর ও উপশুল্ক ধার্য্য করতে পারবে (পরবর্তীকালে মূল উপবিধিতে অন্তভূক্তির সাপেক্ষে)।

৮। নিবন্ধীকরনের জন্য প্রদত্ত বা সংগৃহীত তথ্য বা তথ্যাদি অথবা কার্য্যপ্রনালী অত্র গ্রাম পঞ্চায়েতের যে কোন পদাধিকারী বা কর্মচারী অথবা ক্ষমতাপ্রাপ্ত কোন প্রতিনিধি, কোন নোটিশ না দিয়ে পর্যবেক্ষন বা পরিদর্শন করতে পারবেন এবং গ্রাম পঞ্চায়েতকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করতে পারবে ।

৯। প্রতিটি রেজিষ্ট্রেশনের (ব্যবসা বানিজ্য বা যানবাহন) আবেদন পত্র বিবেচনা করে অর্থ ও পরিকল্পনা উপসমিতি ফী , অভিকর বা উপশুল্কের হার (বাৎসরিক ভিত্তিতে প্রতিটি আর্থিক বৎসরের জন্য বা ক্ষেত্রবিশেষে এককালীন) ধার্য্য করতে পারবে ।

১০। উপবিধিবলে অর্জিত অর্থের এবং ৪৬ ধারা বলে সংগৃহীত বাস্তুজমি ও বাড়ির উপর ধার্য্য ও আদায়ীকৃত করের শতকরা ৮০ (আশি) ভাগ অর্থ বিভিন্ন উপসমিতির সুপারিশ মোতাবেক নিম্নলিখিত খাতে খরচ করা হবে :-

(১) ৪০ % (চল্লিশ শতাংশ) পরিকাঠামোগত উন্নয়ন ;
(২) ২০ % (কুড়ি শতাংশ) পানীয় জল সরবরাহ ;
(৩) ২০ % (কুড়ি শতাংশ) দুঃস্থ ও মেধাবী ছাত্র / ছাত্রীদের সাহায্যার্থে ;
(৪) ১০ % (দশ শতাংশ) প্রতিবন্ধীদের উন্নয়ন ও সাহায্যার্থে ;
(৫) ১০ % (দশ শতাংশ) প্রশাসনিক ব্যয়সহ অন্যান্য খাতে ।

ভূমিকা

১১। এই উপবিধি ইলামবাজার গ্রাম পঞ্চায়েতের উপবিধি নামে অভিহিত হবে ।

১২। এই উপবিধি ইলামবাজার গ্রাম পঞ্চায়েতের সমগ্র এলাকায় প্রযোজ্য হবে ।

১৩। এই উপবিধি ইলামবাজার গ্রাম পঞ্চায়েতের সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় পরিবর্তন বা পরিমার্জন সহ নির্দিষ্ট তারিখ হতে বলবৎ হবে ।

১৪। গ্রাম পঞ্চায়েতের সিদ্ধান্ত অনুযায়ী নিঃস্ব , অসহায় ও সম্বলহীন ব্যাক্তি বা পরিবার গুলির ক্ষেত্রে অত্র উপবিধিতে উল্লিখিত কোন ফী , অভিকর বা উপশুল্ক আদায় করা হবে না বা প্রযোজ্য হবে না ।

১৫। এই উপবিধি ইলামবাজার গ্রাম পঞ্চায়েতের অধিকারভূক্ত সম্পদ হিসাবে গন্য হবে । যে কোন আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান চূড়ান্ত উপবিধির প্রতিলিপি মুদ্রন ও আনুষঙ্গিক খরচ বাবদ ১০ (দশ) টাকা আদায় দিয়ে গ্রাম পঞ্চায়েত কার্য্যালয় থেকে সংগ্রহ করতে পারবেন ।

১৬। এই উপবিধি অনুযায়ী গ্রাম পঞ্চায়েত কর্তৃক 'বার্ষিক' ফী , অভিকর , উপশুল্ক ও নিবন্ধীকরণ ফী ধার্য করা হচ্ছে । এই নিবন্ধীকরণ প্রতিবৎসর অবশ্যই পুনর্নবীকরণ যোগ্য ।

১৭। বার্ষিক অর্থে ইংরাজী ক্যালেন্ডারের প্রতি ১লা এপ্রিল হইতে পরবর্তী ৩১শে মার্চ পর্যন্ত সময়কাল বোঝাবে ।

১৮। সংশ্লিষ্ট ব্যক্তি , সংস্থা বা প্রতিষ্ঠানের মালিক বা দখলিকার উপবিধি মোতাবেক ফী , অভিকর বা উপশুল্ক দাবী মোতাবেক অত্র গ্রাম পঞ্চায়েত আদায় দিতে বাধ্য থাকবেন । অন্যথায় পঞ্চায়েত আইনের ২২১ ধারা বলে তথা ১৯১৩ সালের বেঙ্গল পাবলিক ডিমান্ড রিকভরী অ্যাক্ট অনুসারে খেলাপকারীর কাছ থেকে সমুদয় বকেয়া ফী , অভিকর , উপশুল্ক জরিমানা সহ আদায় করা হবে ।

Illambazar Gram Panchayet
BIRBHUM
Illambazar Block

ব্যবসা / বাণিজ্যের / উদ্যোগের প্রকৃতি এবং ধার্য্যকৃত ফী , অভিকর ও উপশুল্কের বার্ষিক হার

ক্রমিক নং	ব্যবসা / উদ্যোগের বিবরণ / প্রকৃতি	ধার্য্যকৃত বার্ষিক ফী এর হার (টাকা)
১।	চাল , গম ক্রয় বিক্রয় (খুচরা)	৩০০.০০
২।	চাল , গম ক্রয় বিক্রয় (পাইকারী)	৫০০.০০
৩।	ধানকল / গমকল (পেষাই)	৫০০.০০
৪।	মুদিখানার দোকান / ব্যবসা .....(বড়)	৫০০.০০
	ঐ (ছোট)	৩০০.০০
৫।	মিষ্টির দোকান	৫০০.০০
৬।	সার ও কীটনাশক বিক্রি ব্যবসা	৫০০.০০
৭।	ডেকরেটার্সের ব্যবসা	১০০০.০০
৮।	লাইট , মাইক ও জেনারেটরের ব্যবসা	৫০০.০০
৯।	বৈদ্যুতিক সরঞ্জাম বিক্রি (খুচরা).....(বড়)	৫০০.০০
	ঐ (ছোট)	৩০০.০০
১০।	বাড়ি তৈরির মালমশলা বিক্রয় ব্যবসা (ইঁট,বালি,টালি , সিমেন্ট ইত্যাদি)..	১০০০.০০
১১।	জেনারেল অর্ডার সাপ্লাই	১০০০.০০
১২।	কাঠের গোলা	১০০০.০০
১৩।	করাত কল সহ কাঠের গোলা	১৫০০.০০
১৪।	মুরগীর মাংস বিক্রয়ের দোকান	২০০.০০
১৫।	পাঁঠা , খাসী ছাগল ও অন্যান্য প্রাণীজ মাংসের দোকান	৩০০.০০
১৬।	খুচরা মাছ বিক্রির দোকান	২০০.০০
১৭।	ব্যবসার উদ্দেশ্য মাছ,মুরগী , হাঁস, মুরগী , গরু , পালন	৩০০.০০
১৮।	ব্যবসার উদ্দেশ্য রেশম চাষ	৫০০.০০
১৯।	হস্তচালিত তাঁত বস্ত্র তৈরির উদ্যোগ	৩০০.০০
২০।	বিদ্যুৎচালিত তাঁত বস্ত্র তৈরির উদ্যোগ	৫০০.০০
২১।	বরফ কল	১০০০.০০
২২।	ধোপাখানা ও লনড্রী	৩০০.০০
২৩।	বেকারী	৫০০.০০
২৪।	গ্রীল তৈরির কারখানা	১০০০.০০
২৫।	অনুষ্ঠানের জন্য ভাড়া দেওয়া হয় এমন বাড়ি (দ্বিতল).....	১৫০০.০০
২৬।	অনুষ্ঠানের জন্য ভাড়া দেওয়া হয় এমন বাড়ি (দ্বিতলের অধিক).....	২০০০.০০
২৭।	হোটেল / রেষ্টুরেন্ট /ধাবা .....(বড়)	১০০০.০০
	ঐ (ছোট)	৫০০.০০
২৮।	হোমিওপ্যাথি / কবিরাজী ডাক্তারখানা	৫০০.০০
২৯।	হোমিওপ্যাথি / কবিরাজী ঔষধ বিক্রির দোকান	৭৫০.০০
৩০।	মানুষ / পশুর এ্যালোপ্যাথিক ঔষধ বিক্রির দোকান	৭৫০.০০
৩১।	পান , বিড়ি , সিগারেট খুচরো বিক্রি	২০০.০০
৩২।	পান , বিড়ি , সিগারেট সহ মনিহারী , স্টেশনারী , মুদিখানা ইত্যাদির খুচরো বিক্রি ৩০০.০০	

ব্যবসা / বাণিজ্যের / উদ্যোগের প্রকৃতি এবং ধার্য্যকৃত ফী , অভিকর ও উপশুল্কের বার্ষিক হার

Illambazar Gram Panchayet BIRBHUM Illambazar Block

ক্রমিক নং	ব্যবসা / উদ্যোগের বিবরণ / প্রকৃতি	ধার্য্যকৃত বার্ষিক ফী এর হার (টাকা)
৩৩।	স্টীল / পিভিসি আসবাবপত্র বিক্রয়ের দোকান	৫০০.০০
৩৪।	ইলেক্ট্রনিক্স দ্রব্যাদি মেরামতের দোকান	৩০০.০০
৩৫।	ইলেক্ট্রনিক্স দ্রব্যাদি বিক্রয়ের দোকান	৫০০.০০
৩৬।	ক্যাসেট / ভিডিও ক্যাসেট / সিডি বিক্রয়ের দোকান	৩০০.০০
৩৭।	মার্বেল পাথর / গ্লেজ টাইলস বিক্রয়ের দোকান	১০০০.০০
৩৮।	কেরোসিন ডিলার (খুচরা)	৫০০.০০
৩৯।	কেরোসিন ডিলার (পাইকারী)	১০০০.০০
৪০।	ক্যাটারিং ব্যবসা	৫০০.০০
৪১।	তরল প্যাকেট দুধ বিক্রয়ের দোকান	৩০০.০০
৪২।	জুতার দোকান (বড়)	৫০০.০০
	ঐ (ছোট)	৩০০.০০
৪৩।	কম্পিউটার প্রশিক্ষন কেন্দ্র	৫০০.০০
৪৪।	সাইকেল / রিক্সা মেরামতির দোকান	২০০.০০
৪৫।	দরজির দোকান	২০০.০০
৪৬।	সাইকেল / রিক্সা নতুন ও যন্ত্রাংশ সহ বিক্রয়	৫০০.০০
৪৭।	জামা প্যান্টের কাপড় বিক্রয় সহ টেলারিং সপ	২০০.০০
৪৮।	জামা / কাপড় বিক্রয়ের দোকান (বড়)	৭৫০.০০
	ঐ (ছোট)	৫০০.০০
৪৯।	কোল্ড ড্রিঙ্কস / কেক / পেস্ট্রি ইত্যাদি বিক্রয়	৩০০.০০
৫০।	ছবি তোলার স্টুডিও ব্যবসা / দোকান	৩০০.০০
৫১।	ব্যাগ তৈরির কারখানা	৩০০.০০
৫২।	দশকর্মা ভান্ডার	৫০০.০০
৫৩।	সেলুন	২০০.০০
৫৪।	বিউটি পার্লার	৫০০.০০
৫৫।	স্টেশনারী মনিহারী ব্যবসা	৫০০.০০
৫৬।	সোনা / রূপার গহনা সহ মণি রত্ন বিক্রয়	৭৫০.০০
৫৭।	সোনা / রূপার গহনা তৈরির কারিগরি ব্যবসা	৭৫০.০০
৫৮।	লোহা ইত্যাদি ভাঙ্গা / বাতিল দ্রব্য বিক্রয়	৫০০.০০
৫৯।	ছাত্র / ছাত্রীদের বই খাতা কলম বিক্রয়ের দোকান	৩০০.০০
৬০।	জেরক্স সেন্টার / টেলিফোন বুথ / সাইবার কাফে	৩০০.০০
৬১।	খেলাধূলা সরঞ্জাম বিক্রয়ের দোকান	৩০০.০০
৬২।	চশমার দোকান (সাধারন)	৩০০.০০
৬৩।	নার্সির হোম (অনধিক ১০ টি শয্যা সহ)	২০০০.০০
৬৪।	ডক্টরস চেম্বার	২০০০.০০
৬৫।	ফজিও থেরাপী সেন্টার	২০০০.০০
৬৬।	বিছানা পত্র সহ সংশ্লিষ্ট ব্যবসার দোকান	৫০০.০০
৬৭।	রঙ সহ হার্ডওয়্যার ব্যবসার দোকান	৭৫০.০০

ব্যবসা / বাণিজ্যের / উদ্যোগের প্রকৃতি এবং ধার্য্যকৃত ফী , অভিকর ও উপশুল্কের বার্ষিক হার

Illambazar Gram Panchayet
BIRBHUM
Illambazar Block

ক্রমিক নং	ব্যবসা / উদ্যোগের বিবরণ / প্রকৃতি	ধার্য্যকৃত বার্ষিক ফী এর হার (টাকা)
৬৮।	মেরামতি সহ ঘড়ি বিক্রয়ের দোকান	৩০০.০০
৬৯।	ধুপকাঠি তৈরি ও বিক্রয়ের ব্যবসা	২০০.০০
৭০।	ট্রাভেল এজেন্সি ব্যবসা	১০০০.০০
৭১।	কনস্ট্রাকশন / কনট্রাক্টর ব্যবসা	২০০০.০০
৭২।	শ্রমিক সরবরাহের ব্যবসা	৩০০.০০
৭৩।	প্যাটার্ন সপ	৫০০.০০
৭৪।	ফলের দোকান	২০০.০০
৭৫।	প্ল্যনার্স / ডিজাইনার্স	১০০০.০০
৭৬।	মোবাইল ফোন / ক্যাশ কার্ডের ব্যবসার দোকান	৩০০.০০
৭৭।	পশু পাখীর খাবার বিক্রি	৩০০.০০
৭৮।	ডক্টরস চেম্বার সহ ঔষধের দোকান	১০০০.০০
৭৯।	টিউবওয়েল কনট্রাক্টরস এ্যান্ড প্লাম্বারস (একত্রে)	১০০০.০০
৮০।	প্রোমোটারশিপ ব্যবসা	৫০০০.০০
৮১।	কারখানা (বড় ধরনের)	৫০০০.০০
৮২।	মাটির প্রতিমা তৈরি ও বিক্রি	২০০০.০০
৮৩।	মোটর সাইকেল বিক্রির শোরুম	১৫০০.০০
৮৪।	কয়লা বিক্রয়ের দোকান (খুচরা)	৫০০.০০
৮৫।	কয়লা বিক্রয়ের দোকান (পাইকারী)	১০০০.০০
৮৬।	রেফ্রিজারেটর রিপেয়ারিং	৫০০.০০
৮৭।	গুঁড়ো মশলা বিক্রয়ের দোকান	২০০.০০
৮৮।	প্লাস্টিক মোল্ডিং ব্যবসা	৫০০.০০
৮৯।	চা ও দুধ বিক্রয়ের দোকান	২০০.০০
৯০।	ইলেকট্রিক ওয়েল্ডিং সপ	২০০.০০
৯১।	প্রিন্টিং ও স্ক্রীন প্রিন্টিং	৩০০.০০
৯২।	গভঃ কনট্রাক্টর	২০০০.০০
৯৩।	মিউজিক্যাল ইনস্ট্রুমেন্ট তৈরি ও বিক্রয়	৫০০.০০
৯৪।	কেবল লাইন ব্যবসা (দুরদর্শন)	৫০০.০০
৯৫।	ফ্লোর ও রুফ টালি তৈরি	৫০০.০০
৯৬।	জমি কেনা ও বেচার ব্যবসা (লাইসেন্স হোল্ডার)	৩০০০.০০
৯৭।	রেডিও / টি.ভি. বিক্রয়	৫০০.০০
৯৮।	গ্যারেজ ভাড়া ব্যবসা	৭৫০.০০
৯৯।	গাড়ী ভাড়া ব্যবসা	৫০০.০০
১০০।	উপহার দ্রব্যাদি বিক্রয়	২০০.০০
১০১।	ডিজাইন মেকার	২০০.০০
১০২।	অটো সার্ভিস সেন্টার	২০০.০০
১০৩।	নকল গহনা তৈরি	৩০০.০০
১০৪।	কারখানা (ছোটো ধরনের)	১০০০.০০

Illambazar Gram Panchayet
BIRB-ILIM
Illambazar Block

ব্যবসা / বাণিজ্যের / উদ্যোগের প্রকৃতি এবং ধার্য্যকৃত ফী , অভিকর ও উপশুল্কের বার্ষিক হার

ক্রমিক নং	ব্যবসা / উদ্যোগের বিবরণ / প্রকৃতি	ধার্য্যকৃত বার্ষিক ফী এর হার (টাকা)
১০৫।	রেশন দোকান	৫০০.০০
১০৬।	শালপাতার থালা ও বাসন তৈরি	৩০০.০০
১০৭।	ক্লিয়ারিং এজেন্সি	৫০০.০০
১০৮।	ডিটারজেন্ট পাউডার তৈরি ও বিক্রয়	৩০০.০০
১০৯।	ডাক্তারি যন্ত্রাংশ বিক্রয়	৫০০.০০
১১০।	লোহা ও স্টীল ব্যবসা (পাইকারী)	৭৫০.০০
১১১।	লোহা ও স্টীল ব্যবসা (খুচরা)	৪০০.০০
১১২।	রাসায়নিক দ্রব্যাদি বিক্রয়	৫০০.০০
১১৩।	পাঁপড় তৈরির ব্যবসা	৩০০.০০
১১৪।	ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস	৫০০.০০
১১৫।	লুব্রিকেটিং অয়েল মজুত ও বিক্রয়	৩০০.০০
১১৬।	স্টোভ , হ্যাচাক ও গ্যাস ওভেন সারাই ও বিক্রয়	৩০০.০০
১১৭।	টায়ার ব্যবসা (পাইকারী ও খুচরা) .....(বড়)	৭৫০.০০
	ঐ (ছোট)	৫০০.০০
১১৮।	প্লাস্টিক দ্রব্যাদি তৈরি ও বিক্রয়	৫০০.০০
১১৯।	বাসনের দোকান (স্টীল , কাঁসা , তামার বাসন বিক্রি ব্যবসা)	৫০০.০০
১২০।	হোলসেল. সিমেন্ট ডিলার	১৫০০.০০
১২১।	প্রাইভেট স্কুল	২০০০.০০
১২২।	বলপেন ডাইস তৈরি	৩০০.০০
১২৩।	এনামেল ব্যবসা	৩০০.০০
১২৪।	টিন,এ্যাসবেসটস বিক্রয় (পাইকারী) .....(বড়)	৭৫০.০০
	ঐ (ছোট)	৫০০.০০
১২৫।	মোটর ট্রেনিং স্কুল চালানো	১০০০.০০
১২৬।	সাইন বোর্ড ও ইনটেরিয়ার ডেকরেটার্স	৫০০.০০
১২৭।	ক্যুরিয়ার সার্ভিস	৩০০.০০
১২৮।	পুরানো মোটর গাড়ি ও মোটর সাইকেল গাড়ি ক্রয় ও বিক্রয়	৫০০.০০
১২৯।	টায়ার রিপেয়ারিং সপ	৩০০.০০
১৩০।	প্রাইভেট সিকিউরিটি এজেন্সি ব্যবসা	৩০০০.০০
১৩১।	চানাচুর তৈরির কারখানা / ব্যবসা	৭৫০.০০
১৩২।	হোলসেল হাওয়াই চপ্পল বিক্রয়	৫০০.০০
১৩৩।	গাড়ির ব্যাটারী বিক্রয়	৫০০.০০
১৩৪।	ট্রান্সপোর্ট ব্যবসা	৩০০০.০০
১৩৫।	পেট্রোল পাম্প	৫০০০.০০
১৩৬।	কাঠের আসবার পত্র বিক্রয়ের দোকান	১০০০.০০
১৩৭।	বি.এস.এন.এল ;হাচ ; এয়ারটেল ;রিলায়ন্স ;ইত্যাদি টেলিফোন সংস্থাগুলির টাওয়ার বসানোর জন্য নিবন্ধী করণ ফী (প্রত্যক আর্থিক বছর নবীকরণযগ্য)	প্রতি ঘন মিটার ৩ টাকা হিসাবে

ব্যবসা / বাণিজ্যের / উদ্যোগের প্রকৃতি এবং ধার্য্যকৃত ফী , অভিকর ও উপশুল্কের বার্ষিক হার

ক্রমিক নং	ব্যবসা / উদ্যোগের বিবরণ / প্রকৃতি	ধার্য্যকৃত বার্ষিক ফী এর হার (টাকা)
১৩৮।	লজ / রিসোর্ট খাবার ছাড়া	১৫০০.০০
১৩৯।	লজ / রিসোর্ট খাবার সহ	২০০০.০০
১৪০।	গেষ্ট হাউস / ফার্ম হাউস	২০০০.০০
১৪১।	আটা মিল / সুজি তৈরীর কারখানা	৫০০০.০০
১৪২।	সিনেমা হল / ভিডিও হল (বিনিয়োগ পাঁচ লক্ষ টাকা পর্যন্ত).....	৩০০০.০০
১৪৩।	সিনেমা হল / ভিডিও হল (বিনিয়োগ দশ লক্ষ টাকা পর্যন্ত).....	৫০০০.০০

(প্রতিটি ক্ষেত্রের জন্য এককালীন ফী আদায় করা যাবে)

১৪৪।	টুরিষ্ট প্লেসে জীপ , ট্যাক্সি, বাসের প্রবেশ মূল্য ও পার্কিং ফী :	
	১) জীপ / ট্যাক্সি (দৈনিক)	১০০.০০
	২) বাস (দৈনিক)	১৫০.০০
	৩) লরী (দৈনিক)	১৫০.০০
	৪) মিনি বাস / মিনি লরী (দৈনিক)	১৫০.০০

১৪৫। অন্যান্য যে কোনো ধরণের ব্যবসা বা উদ্যোগ বা যানবাহন যাহার বিবরণ / প্রকৃতি বিশেষভাবে উল্লেখ করা হয়নি (অনুচ্ছেদ - ৮ মোতাবেক) ধরণ ও প্রকৃতি বিবেচনা করে অর্থ ও পরিকল্পনা উপসমিতি নির্দিষ্ট হারে ফী ধার্য্য করতে পারবেন ।

নোট :- এক বা একাধিক ব্যবসা / উদ্যোগ একত্রে নিবন্ধীকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উদ্যোগজনিত বিষয়গুলির মধ্যে সর্ব্বোচ্চ ফী এর জন্য নির্ধারিত ফি আদায় করা হবে ।

১৯। **যানবাহন নিবন্ধীকরণ ও ধার্য্যকৃত ফী (বার্ষিক) ধারা ৪৭ (১), বিধি ৫৮ (৩) (সর্বশেষ সংশোধিত)**

ক্রমিক নং	যানবাহনের ধরণ	বাৎসরিক ফী (সর্ব্বোচ্চ টা:)
(১)	রিক্সা,রিক্সাভ্যান,হাতে টানা গাড়ি ঘোড়া গরু বা মহিষ বাহিত গাড়ি (রবার টায়ার যুক্ত)	১৫.০০
(২)	(রবার টায়ার বিহীন) গরুর গাড়ি, মহিষের গাড়ি, ঘোড়ার গাড়ি, ...	২৫.০০
(৩)	ট্রাক্টর ট্রলার (কৃষিকার্য ছাড়া অন্য কাজে ব্যবহারের ক্ষেত্রে)	২৫০.০০
(৪)	মোটর ভেহিকেলস আইন অনুসারে নিবন্ধীকৃত নয় এমন যন্ত্র চালিত যানবাহন	২৫০.০০
(৫)	পাওয়ার ট্রিলার ট্রলার সহ	২৫০.০০
(৬)	পাওয়ার ট্রিলার ট্রলার ব্যতিরেকে	১৫০.০০

Illambazar Gram Panchayet
BIRBHUM
Illambazar Block

নোট - ১ : উপরি বর্ণিত যানবাহনের মালিকেরা (যার বা যদের অধিকারে থাকবে) প্রতি বৎসর ১লা এপ্রিলের আগে নির্দিষ্ট যানবাহনের তথ্য সম্বলিত দরখাস্ত সহ নির্দিষ্ট ফী জমা দিয়ে গ্রাম পঞ্চায়েত হইতে রেজিস্ট্রেশন সার্টিফিকেট গ্রহন করবে । যদি কোন যানবাহনের জন্য অন্য কোন কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন ফী দিয়ে থাকেন তবে তাও ওই আবেদন পত্রে উল্লেখ করতে হবে । সেক্ষেত্রে আবেদনকারীকে ঐ যানের জন্য কোন রেজিস্ট্রেশন ফী দিতে হবে না ।

নোট - ২ : গ্রাম পঞ্চায়েত কর্তৃক রেজিস্ট্রিকৃত যানবাহনের জন্য একটি রেজিস্ট্রেশন নম্বর দেওয়া হবে । ঐ নম্বরটি রেজিস্ট্রিকৃত যানের গায়ে পরিস্কার ভাবে পৃথক প্লেটে খোদাই করে আটকে দিতে হবে ।

নোট - ৩ : যে যানের জন্য রেজিস্টেশন নম্বর দেওয়া হবে সেই যানের মালিক বা চালক কে অবশ্যই নিম্নলিখিত শর্তগুলি পালন করতে হবে ।

(ক) যানটি মজবুত ও উপযুক্ত অবস্থায় রাখতে হবে যাতে যাত্রী ও মালের কোনো ক্ষতি না ঘটে ।
(খ) কর্তব্যরত পুলিশ বা পঞ্চায়েতের ভারপ্রাপ্ত পদাধিকারী বা কর্মচারী বা সদস্য প্রয়োজনের যানটি পরীক্ষা করতে পারবেন ।
(গ) যাত্রীর সংখ্যা বা মালের ওজন পঞ্চায়েত কর্তৃক নির্দিষ্ট সীমা অতিক্রম করতে পারবে না । যাত্রী বা মাল পরিবহনের ভাড়া সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত নির্ধারিত সীমার বেশি হবে না এবং সেই হারের তালিকা নির্দিষ্ট যানে লাগানো থাকবে ।

২০। গ্রাম পঞ্চায়েত এলাকায় মেলা , বিচিত্রানুষ্ঠান, যাত্রা অনুষ্ঠান ইত্যাদি স্থানে গ্রাম পঞ্চায়েত কর্তৃক আবর্জনা দূরীকরণ বা নিকাশী ব্যবস্থা গ্রহনের জন্য ফী [ধারা ৪৭ (১) (৩) মতে] ।

১) ১২ বৎসরের উর্ধে প্রতি যাত্রী / দর্শনার্থী পিছু ..... ০.৫০টা প্রতিদিন
২) স্টল ছাড়া প্রতি ব্যবসায়ীদের জন্য মাথাপিছু ..... ৩.০০ টা. প্রতিদিন
৩) স্টল যুক্ত ব্যবসায়ীদের ক্ষেত্রে মাথাপিছু ..... ১০.০০ টা. থেকে ২০.০০ টা. প্রতিদিন।
নোট : পঞ্চায়েত নিযুক্ত আদায়কারী / পঞ্চায়েত দ্বারা নিযুক্ত কর্মচারী উপযুক্ত রসিদের মাধ্যমে উক্ত ফী আদায় করতে পারবেন । মেলা কর্তৃপক্ষ এই আদায়ের ব্যাপারে গ্রাম পঞ্চায়েতকে সাহায্য করতে বাধ্য থাকবে ।

২১। গ্রাম পঞ্চায়েত অথবা পঞ্চায়েত সমিতি / জিলা পরিষদ / রাজ্য সরকার কর্তৃক ব্যবস্থাকৃত এবং গ্রাম পঞ্চায়েত কর্তৃক রক্ষনাবেক্ষনের জন্য দায়িত্ব প্রাপ্ত নলকূপ / গভীর /অগভীর নলকূপের মাধ্যমে জল সরবরাহের জন্য ফী (ধারা ৪৭ (১) (৪) বিধি ৫৮ (১) ।

ক্রমিক নং	ধরন	জলকরের হার (টাকা)
১)	বাড়িতে বাড়িতে বা প্রতিষ্ঠানে পানীয় জল সরবরাহ করার জন্য	৩০.০০ (প্রতি মাসে)
২)	বিভিন্ন ধরনের সামাজিক বা সাংস্কৃতিক অনষ্ঠানে পানীয় জল সরবরাহের জন্য	২০.০০ (প্রতি ট্যাঙ্কার পিছু এককালীন প্রতি ক্ষেত্রে)
৩)	কৃষি ক্ষেত্রে সেচের জল সরবরাহের জন্য	৩৫০.০০ (প্রতি একর পিছু ত্রৈমাসিক হারে)

নোট : সেচসেবিত এলাকার জন্য জলকর উপকৃত কৃষিজীবি বা চাষী বা জমির মালিকগন আদায় দিতে বাধ্য থাকবেন ।

২২। গ্রাম পঞ্চায়েত এলাকায় রাস্তায় রাস্তায় আলোর ব্যবস্থা করার জন্য অভিকর (রেট) , ধারা ৪৭ (৫), বিধি-৫৮ (১) ।

১) গ্রাম পঞ্চায়েত কর্তৃক নিজ এলাকার জনপদ এবং সার্বজনীন স্তরে বৈদ্যুতিক আলোর ব্যবস্থা করা হলে উপকৃত এলাকার বাসিন্দা জমি জায়গার মালিক বা বাড়ির মালিক বা দখলীকার গ্রাম পঞ্চায়েতকে নির্ধারিত হারে আলো অধিকর আদায় দিতে বাধ্য থাকবে । আলো অভিকরের হার গ্রাম পঞ্চায়েত প্রতি বছর স্থানীয়ভাবে সিদ্ধান্ত নিয়ে ধার্য্য করতে পারবে এবং সেই মোতাবেক উপকৃত ব্যক্তি বা প্রতিষ্ঠান আদায় দিতে বাধ্য থাকবে ।

২৩। গ্রাম পঞ্চায়েত নিজ এলাকায় ব্যক্তিগত মালিকনার সেপটিক ট্যাঙ্ক, আস্তাকুঁড় বা ভাগাড় বা পয়ঃপ্রনালী পরিস্কারের ব্যবস্থা করলে , আবর্জনা অপসারণ বাবদ মালিক বা দখলকারের ওপর গ্রাম পঞ্চায়েত অভিকর ধার্য্য ও আদায় করতে পারবে ।

ক্রমিক নং	ধরন	ধার্য্য আভিকর (টাকা)
১)	সেফটি ট্যাঙ্ক এর ক্ষেত্রে	২৫০.০০(প্রতিবারের জন্য)
২)	আস্তাকুঁড়, ভাগাড় বাপয়ঃপ্রণালী পরিস্কার এর ক্ষেত্রে	২.৫০টা. (প্রতি ঘনফুটের জন্য)

২৪। গ্রাম পঞ্চায়েত/ সরকার কর্তৃক ব্যবস্থাকৃত শ্মশানঘাট ব্যবহারের ক্ষেত্রে ধারা ৪৭ (১০) , (১৪) বিধি ৫৮ (১) ।

১) দাহ করার জন্য কাঠ অথবা বৈদ্যুতিক খরচ এবং অন্যান্য পরিষেবা বাবদ সর্বোচ্চ আদায় যোগ্য ফী ২০০.০০

২৫। গ্রাম পঞ্চায়েত এলাকায় মোটর পাম্প সেট যুক্ত গভীর নলকূপ , অগভীর (স্যালো) নলকূপ, অনতি গভীর (মিনি) নলকূপ বা বানিজ্যিক ভিত্তিতে সেচের ব্যবহার করা হয় সেই সমস্ত ক্ষেত্রে সেচ পাম্পের মালিক নিজ প্রয়োজন মেটাবার পর অন্য কোন ব্যক্তি বা চাষীকে বাণিজ্যিক ভিত্তিতে জল সরবরাহ জন্য রেজিস্ট্রেশন ফী প্রদেয় (ধারা ৪৭ (১) (১৫) বিধি - ৫৮ (১) ।

ক্রমিক নং	ধরন	বাৎসরিক ফী (টাকা)
১)	ডিজেল বা বিদ্যুতচালিত পাম্প / জেনারেটর সেট ..... (২ অশ্বশক্তি ক্ষমতা বিশিষ্ট)	১৫০.০০
২)	২ অশ্বশক্তির বেশী বা ৫ অশ্বশক্তি বিশিষ্ট পাম্পসেট / জেনারেটর সেট (বিদ্যুৎ বা ডিজেল চালিত)	২০০.০০
৩)	৫ অশ্বশক্তি বেশি (ডিজেল বা বিদ্যুৎ চালিত) বিশিষ্ট পাম্প / জেনারেটর সেট	৫০০.০০

২৬। গ্রাম পঞ্চায়েত পরিচালিত বাজারে বা হাটে বিক্রিত দ্রব্যাদির ওপরে ওজন, পরিমাপ ও পরিমান যে কোন একটির ওপর ভিত্তি করে ফী আদায় [ধারা ৪৭ (১) (১৬), বিধি ৫৮ (১) ।

১) প্রতি ব্যক্তি অথবা বিক্রেতা পিছু ..... সর্ব্বোচ্চ ১০.০০ টা.

২) বৃত্তিকর দেন না এমন দোকানদার / বিক্রেতা ..... সর্ব্বোচ্চ ১.০০ টা.

২৮। ব্যক্তিগত অথবা সরকারী জায়গায় বিজ্ঞপ্তি বা বিজ্ঞাপন প্রচারের জন্য প্রদেয় ফী ধারা ৪৭ (১) (১৭), বিধি - ৫৮ (১) ।

১) প্রতি সপ্তাহ / পক্ষকাল / মাসিক (যাহা স্থানীয়ভাবে প্রযোজ্য) ..... ২৫.০০ টা. প্রতি বর্গফুট ।

নোট :- সরকার জনস্বার্থে কোন পোষ্টার বা বিজ্ঞাপন বা ব্যানার প্রদর্শন করলে কোন ফি ধার্য্য হবে না

২৯। গ্রাম পঞ্চায়েত এলাকার যেকোন ব্যবসায়িক প্রজেক্টে ও ফ্লাটের ক্ষেত্রে এবং বিশেষ কোন ব্যবসা ও উদ্দ্যেগের ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েতের অর্থ ও পরিকল্পনা উপসমিতির সিদ্ধান্ত মোতাবেক ফি ধার্য্য করা হইবে ।

স্থান :- ইলামবাজার
তারিখ :- ১৩/০৪/১৭

প্রধান
ইলামবাজার গ্রাম পঞ্চায়েত
Illambazar Gram Panchayat